দৈনিক ইত্তেফাক

তারিখ 14 JUN 1995
পৃষ্ঠা ৩ কলাম ২

৩১

# নবীনগর সরকারী কলেজে শিক্ষকের ১৭টি পদ শূন্য

ব্রাহ্মণবাড়ীয়া সংবাদদাতা ॥ নবীনগর সরকারী কলেজে শিক্ষকের ৩৫টি পদের মধ্যে ১৭টিপদই শূন্য রহিয়াছে। বিশেষ করিয়া বাংলা, ইংরেজী, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস,দর্শন, পদার্থ, রসায়ন, ও জীববিজ্ঞান বিভাগে মাত্র একজন করিয়া শিক্ষক রহিয়াছেন। কলেজে ছাত্রছাত্রীর তুলনায় শ্রেণী কক্ষ অপ্রতুল-তিনতলার অসমাপ্ত কাজ অবিলম্বে সমাপ্ত করা প্রয়োজন। দীর্ঘদিন ধরিয়া কলেজের উপাধ্যক্ষের পদ শূন্য রহিয়াছে। কলেজ অধ্যক্ষের কোন কোয়ার্টার নাই, তাই ভাড়াটে বাসায় থাকিতে হয়। কলেজের চারিদিকে কোন বাউণ্ডারী ওয়াল নাই। শিক্ষক সংকট ও শ্রেণীকক্ষের অভাবে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে বার বার জানানোর পরও কোন প্রতিকার হয় নাই বলিয়া জানা গিয়াছে।